গাংনীর প্রয়াত ইউপি সদস্য সুন্নত মোল্লার রুহের মাগফেরাত কামনায় দোয়া

গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের সদস্য সুন্নাত মোল্লার রুহের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে বামুন্দি ইউনিয়ন পরিষদ হল রুমে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পরিষদ আয়োজিত অনুষ্ঠানে ইউপি সদস্য মরহুম সুন্নাত মোল্লার স্মুতিচারণ মুলক বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস। এসময় ইউপি সদস্যবৃন্দ,ইউপি সচিব মনিরুল ইসলামসহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। দোয়া পরিচালনা করেন বামুন্দি জামে মসজিদের ঈমাম মওঃ কিতাব আলী।
উল্লেখঃ গত ২৮ মার্চ অসুস্থতা জনীত কারনে ইউপি সদস্য সুন্নত মোল্লা ইন্তোকাল করেন। এসময় তার বয়স হয়েছিল ৭০ বছর।

গাংনীর বামুন্দিতে ঈমামদের মাঝে করোনা সাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

গাংনীর বামুন্দি ইউনিয়নের ঈমামদের মাঝে বিনামুল্যে মাস্ক,হ্যান্ড সেনিটাইজার ও সাবান বিতরণ করা হয়েছে।
বুধবার দুপুরে বামুন্দি ইউনিয়ন পরিষদ হল রুমে বিভিন্ন মসজিদের ঈমামদের মাঝে করোনা পতিরোধে এসকল উপকরণ বিতরণ করা হয়। সরকারি অর্থে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস ঈমামদের হাতে মাস্ক,হান্ড সেনিটাইজার ও সাবান তুলে দেন। । এসময় ইউপি সদস্যবৃন্দ,ইউপি সচিব মনিরুল ইসলাম.বিশিষ্ট ব্যাবসায়ী মতিয়ার রহমান,ব্যাবসায়ী শরিফুল ইসলামসহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। বামুন্দি ইউনিয়নের বিভিন্ন গ্রামে বিভিন্ন জামে

মসজিদের মোট ৩৭ জন ঈমামকে এসকল উপকরণ তুলে দেয়া হয়।

মেহেরপুরে ওজন কমাতে সেমিনার

মেহেরপুরে “ওজন কমাতে এবং এটিকে আটকে রাখতে উপযুক্ত ডায়েট ” এই প্রতিপাদ্য বিষয় নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
বুধবার মেহেরপুর খামারবাড়ির কার্যালয় সম্মেলন কক্ষে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষনা ও প্রশিক্ষন ইনস্টিটিউট (বারটান) খুলনা বিভাগীয় আঞ্চলিক ঝিনাইদহ কেন্দ্রের উদ্যোগে এ সেমিনার অনুষ্ঠিত হয়।
খুলনা বিভাগীয় আঞ্চলিক ঝিনাইদহ কেন্দ্রের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো: নূর আলম সিদ্দিকীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারন অধিদপ্তর যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো: জাহিদুল আমিন।
মূল প্রবন্ধ উপস্থাপক ছিলেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ^বিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের সহকারী অধ্যাপক তানভীর আহমেদ। বক্তব্য রাখেন মেহেরপুর কুষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ। সেমিনারে জেলার বিভন্ন সরকারী ও বেসরকারী দপ্তরের ৩০ জন কর্মকর্তা অংশগ্রহন করেন।

মেহেরপুরে আঞ্চলিক গণিত উৎসবে ১৭ জন শিক্ষার্থী বিজয়ী পদক পেয়েছে

ডাচ-বাংলা ব্যাংক-প্রথম আলো আয়োজিত আঞ্চলিক গণিত উৎসব 2021 এর ফলাফল প্রকাশিত হলে মেহেরপুরের ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৭ জন শিক্ষার্থী বিজয়ী হয়ে পদক লাভ করেন।

মঙ্গলবার রাতে ফলাফল প্রকাশ হলে, মেহেরপুরে ৫ টি শিক্ষাপ্রতিষ্ঠানে ১৭ জন শিক্ষার্থীর মধ্যে গাংনীঁ উপজেলার প্রি ক্যাডেট এ্যান্ড হাইস্কুলের ক্ষুদে গনিত বিদ ১২ জন শিক্ষার্থী বিজয়ী হয়ে এই পদক লাভ করেন

পদক প্রাপ্ত প্রি ক্যাডেট এ্যান্ড হাইস্কুলের ১২ জন শিক্ষার্থদের মধ্যে প্রাথমিক ক্যাটাগরিতে ছিলেন, ফারজানা জামান, ফারহানা ইম্মা, নাসিফ মাহামুদ, মাহাবুব সাদিক, সুমাইয়া আফরিন সহ জুনিয়র ক্যাটেগরিতে ছিলেন, আবুসাইম তাসনীম, আদিবা মারজানা আহম্মেদ, আল আসমাউল হুসাইন, মুমিত মুর্তুজা, শাহরিয়ার সাদিক, তাহসিন আহম্মেদ, লাবিব মাহমুদ সহ গাংনীঁ সন্ধানী স্কুল এন্ড কলেজের ১ জন, গাংনীঁ পাইলট স্কুলের ১ জন, লাইসিয়াম স্কুলের ১ জন ও মেহেরপুর সদরের দুই জন।

প্রি ক্যাডেট এ্যান্ড হাইস্কুলের সভাপতি এ কে এম শফিকুল আলম ও প্রধান শিক্ষক জালাল আহম্মেদ বলেন, করোনাকালের মধ্যে স্কুল কলেজ বন্ধ আছে কিন্তু আমরা সরকারি নির্দেশ মোতাবেক অনলাইনে ক্লাস নিয়ে যাচ্ছি যার ফল আমরা ডাচ-বাংলা ব্যাংক-প্রথম আলো আয়োজিত আঞ্চলিক গণিত উৎসব ২০২১ এ অংশগ্রহণ করে পেয়েছি। এখানে আমার শিক্ষাপ্রতিষ্ঠানের ১২জন শিক্ষার্থী বিজয়ী পদক লাভ করেছেন তাদের কে শুভ কামনা জানাচ্ছি।

এসময় তিনি আরও বলেন ‘অনলাইনে অনুষ্ঠেয় আন্তর্জাতিক গণিত উৎসবে আমাদের শিক্ষার্থীরা তাদের সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখবে।’

দর্শনা টু মুজিবনগর সড়কের রাস্তার উন্নয়ন কাজে পথচারীদের চরম দুর্ভোগ

দুর থেকে দেখে মনে হবে ঘন কুয়াশায় আচ্ছন্ন শীতের সকাল। কিন্তু কুয়াশায় মোড়ানো শীতের সকাল নয়। এটি দামুড়হুদা উপজেলা দর্শনা টু মুজিবনগর সড়কের কার্পাসডাঙ্গার ধুলোর চিত্র।

রাস্তা সংস্কারে খোঁড়াখুঁড়ি থেকে সৃষ্ট ধুলার কারণে এই এলাকা যেন ধুলাবালির নগরীতে পরিণত হয়েছে। বাতাসে উড়ছে ধুলাবালি। এমন অন্ধকার দেখে যে কারো ভোরের কুয়াশা মনে হলেও এটি দিন-দুপুরে সড়কের ধুলো।
চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা টু মুজিবনগর সড়কটির এক সঙ্গে কয়েকটি উন্নয়ন কাজের খোঁড়াখুঁড়ির কারণে ধুলোবালির নাকাল হতে হচ্ছে দামুড়হুদা উপজেলা বাসীকে। ধীরগতিতে কাজ করা ও প্রতিকার না থাকায় বাতাসের সঙ্গে ধুলো উড়ে রাস্তায় হাঁটার পরিবেশ নষ্ট হচ্ছে।
অন্যদিকে, বাড়ছে শ্বাসকষ্ট, এলার্জিসহ নানা স্বাস্থ্যঝুঁকি। পানি ছিটিয়ে ধুলা নিবারণ করার কথা থাকলেও তা না করায় দুর্ভোগে পথচারী ও সাধারণ মানুষ। এছাড়া রাস্তা এতো ধুলোবালি ওড়তে থাকে অনবরত। এই রাস্তা দিয়ে প্রতিদিন হাজার হাজার মানুষসহ দুরপাল্লাার গাড়ি, বাস, ট্রাক, টেম্পু, অটরিক্সা, এলাকায় যাতায়াত করে। বর্তমানে রাস্তাটির এমন অবস্থা হয়েছে যে চলাচলে জনগনের রাস্তায় নামতে চাচ্ছে না। সড়কটির এমন অবস্থা মানুষের যেন কষ্টের শেষ নেই। এই সড়কটি দিয়ে যাতায়াতে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা আর দুর্ঘটনা। রস্তাটি অবস্থা এতই খারাপ যে চলাচলে পথচারীর শ্বাসরুদ্ধ হওয়ার অবস্থা। বর্তমানে রাস্তাটির এমন অবস্থা হয়েছে যেন ধূলা আর ধূলা। সড়কটির এমন অবস্থা মানুষের যেন কষ্টের শেষ নেই। এই রাস্তাটি পানি ব্যবহার করা খুবই জরুরি হয়ে পড়েছে। কারন এই রাস্তাটি জনগুরুত্বপূর্ন একটি সড়ক।
কার্পাসডাঙ্গা ও দর্শনা এলাকার দোকান মালিক ও আশেপাশে বসবাসকারীরা বলেন, ধুলোর কারণে আমাদের ব্যবসা-বাণিজ্য ও এলাকা ছেড়ে চলে যাওয়া ছাড়া কোনো উপায় নেই। রাস্তা সংস্কারে খোঁড়াখুঁড়ি থেকে সৃষ্ট ধুলার কারণে আমাদের বেচাকেনা নেই বললেই চলে। নিয়ম অনুযায়ী নির্মাণ এলাকা ঘেরাও করে কাজ করার কথা থাকলেও তা না করে মাটি, বালি, পাথর ইত্যাদি রাস্তার ওপর ছড়িয়ে ছিটিয়ে রাখা হচ্ছে দিনের পর দিন। গাড়ি চলাচলের ফলে ধুলো ছড়িয়ে পড়ছে বাতাসে।
সরেজমিন গিয়ে দেখা যায়, দর্শনা টু মুজিবনগর সড়কটি ঠিকাদারের অনিয়মের কারনে সড়কের বেহাল দশা, জনদুর্ভোগ চরমে। বছর খানেক ধরে অবহেলায় পড়ে থাকাতে বর্তমানে সড়কের উন্নয়ন কাজ ইতিমধ্যই শুরু হয়েছে। রাস্তাটির প্রশস্থ বাড়ানো ও সংস্কারের আগে রাস্তাটির বেশ কয়েক জায়গায় কালভার্ট নির্মানের কাজ চলছে।
রাস্তাটির কালভার্ট নির্মানে সড়কের উপর আগে থেকেই কোন সতর্ক চিহ্ন না থাকায় পথচারীরা হঠাৎ করে নির্মানাধীন কালভার্টের কাছে

পৌঁছে সড়ক দূর্ঘটনার মুখোমুখি হচ্ছে। এছাড়াও চলাচলে সাধারণ জনগণ চরম ভোগান্তিতে পড়েছে রাস্তা এতো ধুলোবালি ওড়তে থাকে অনবরত। পানি ছিটিয়ে ধুলা নিবারণ করার কথা থাকলেও তা না করে ঠিকাদরের অনিয়মে দুর্ভোগে পথচারী ও সাধারণ মানুষ। এই রাস্তা দিয়ে প্রতিদিন হাজার হাজার মানুষসহ দুরপাল্লাার গাড়ি, বাস, ট্রাক, টেম্পু, এলাকায় যাতায়াত করে।
বর্তমানে রাস্তাটির এমন অবস্থা হয়েছে যে চলাচলে জনগণের রাস্তায় নামতে চাচ্ছে না। সড়কটির এমন অবস্থা মানুষের যেন কষ্টের শেষ নেই। এই সড়কটি দিয়ে যাতায়াতে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা। এই সড়কটি দ্রুত সংস্কার কারার জন্য উর্ধ্বতন ও সংশ্লিষ্ট কতৃর্পক্ষের হস্তক্ষেপ কামনা করেন সাধারণ জনগণ।

মুজিবনগরে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি শীর্ষক অবহিতকরন কর্মশালা

মুজিবনগরে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) সাব কম্পোনেন্ট ২.৫ আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন পোগ্রাম শীর্ষীক অবহিতকরন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে মানব উন্নয়ন কেন্দ্র(মউক) এর আয়োজনে মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।
উক্ত কর্মশালায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির জেলা পোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ এর সনচালনায় বিশেষ অতিথি ছিলেন উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের সহকারি পরিচালক কবির আহম্মদ মোল্যা,মুজিবনগর উপজেলা শিক্ষা অফিসার বেলায়েত হোসেন প্রমুখ।
অনুষ্ঠানের শুরুতেই চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি বিষয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন মউক উন্নয়ন কেন্দ্রের নির্বাহী

প্রধান আসাদুজ্জামান সেলিম।
এ সময় উপজেলা বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, ইউপি চেয়ারম্যানগন,বিদ্যালয়ের শিক্ষকগন,সাংবাদিকসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

হেফাজত ইসলাতের তান্ডবের বিরুদ্ধে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের প্রতিবাদ সভা

সারা দেশে স্বাধীনতা বিরোধীদের নৈরাজ্যের প্রতিবাদে প্রতিবাদ সভা ও মতবিনিময় করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।
মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার সময় কেদারগন্জ বাজারে উপজেলা আওয়ামীলীগের কার্যালয়ে এ প্রতিবাদ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ ও মতবিনিময় সভার সভাপতি মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাস বলেন,

স্বাধীনতা বাঙালির শ্রেষ্ঠ অর্জন। তবে এ স্বাধীনতা একদিনে অর্জিত হয়নি। মহান ভাষা আন্দোলন থেকে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ অর্জনের এই দীর্ঘ বন্ধুর পথ পাড়ি দিয়ে এসেছে আমাদের স্বাধীনতা। বুকের তাজা রক্তের ঢেলে দিয়ে যে স্বাধীনতা এসেছে সেই স্বাধীনতাকে নস্যাৎ করার জন্য কিছু স্বাধীনতা বিরোধী ধর্ম ব্যাবস্যায়ী সারা দেশে অরাজকতা সৃষ্টি করার পায়তারা শুরু করেছে তাদের সেইসমস্ত ষড়যন্ত্র প্রতিহিত করার জন্য নেতাকর্মিদের সজাগ থেকে প্রতিবাদ করার জন্য আহবান জানানো হয়।তিনি বলেন জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐতিহাসিক মুজিবনগর আওয়ামীলীগ যেকোন স্বাধীনতা বিরোধীদের অপচেষ্টা প্রতিহিত করার জন্য নেতাকর্মীদের সাথে নিয়ে প্রস্তুত থাকবে।

প্রতিবাদ সভায় উপস্হিত থেকে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আইনজীবি সমিতির সভাপতি এ্যাড: মিয়াজান আলী, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম

মোল্লা, মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু,মোনাখালি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলী,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুবউদ্দীন মল্লিক,মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগ সভাপতি বেলাল হাসান বিপ্লব, সাধারণ সম্পাদক আরিফ হোসেন,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, বাগোয়ান ইউপি ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম ঝুটিকা,সম্পাদক মনিরুল ইসলাম, ৬ নং ওয়ার্ড সভাপতি সুজিত মল্লিক, ইউপি সদস্য সোহরাব হোসেন,কাজী কোমরউদ্দীন সেলিম,দিলিপ মল্লিক,শংকর বিশ্বাস সহ আওয়ামীলীগের বিভিন্ন অংগসংগঠনের নেতৃবৃন্দ

মেহেরপুর জেলা বি এন পির বিক্ষোভ সমাবেশ

সরকার কর্তৃক নিশংস ভাবে মানুষ হত্যা, হামলা, নারকীয় তান্ডব, এবং গণতান্ত্রিক ও সাংবিধানিক অধিকার হরণের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের চত্বরে মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এই কর্মসূচি অনুষ্টান অনুষ্টিত হয়।

এসময় তিনি বলেন, ৩০ লক্ষ শহীদের রক্তের মধ্য দিয়ে যে বাংলাদেশ ৫০ বছরের স্বাধীনতার সূবর্নজয়ন্তী উদযাপন করবে, সেই সূবর্নজয়ন্তীকে রক্তে লাল করেছেন আপনারা। এই হত্যা কান্ডের সাথে যারা জড়িত, এই তান্ডবের সাথে যারা জড়িত তাদের বিচার করতে হবে। শহীদ পরিবারকে ক্ষতি পূরন দিতে হবে। আমাদের চিটাগংগের নেতা শাহাদত হোসেন সহ গত চার দিনে এ দেশের ছাত্র- জনতার নামে যে মিথ্যা মামলা হয়েছে তা প্রত্যাহার করতে হবে। এবং এই সরকারকে একটি চুড়ান্ত ওয়ারের মদ্য দিয়ে আপনার ভোটের অধিকার ফিড়িয়ে আসতে হবে।

এসময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র

সহ-সভাপতি আব্দুর রহমান, জাভেদ মাসুদ মিল্টন, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জুলফিকার আলী ভুট্টো, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু,সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম সেখানে বক্তব্য রাখেন।

মেহেরপুরের কিছু মাধ্যমিক স্তরের বিদ্যালয় উন্নত ওয়াশ সুবিধা পাচ্ছে

শিক্ষা মৌলিক অধিকারগুলির মধ্যে একটি। অন্যান্য দ্রুত উন্নয়নশীল দেশগুলির সাথে একই গতি বজায় রাখতে মেয়েদের শিক্ষার দিকে মনোযোগ দেয়া দরকার। বাংলাদেশের গ্রাম এলাকায় মেয়েদের শিক্ষার ব্যাপারে কিছু উদাসীনতা পরিউলক্ষিত হয়। কারণ অভিভাবকরা মনে করে মেয়েরা কেবল শুধু সংসার পরিচালনা করবে। এই যুগে এসব ভাবনা উদ্বেগজনক তাই আমাদের দেশের মেয়েদের শিক্ষিত মানুষ হিসাবে গড়ে তোলা জরুরী।

মেহেরপুর জেলায় জাতীয় বেসরকারী সংস্থা এসকেএস ফাউন্ডেশন ওয়াটার এইড বাংলাদেশের সহযোগগিতায় ওয়াশ ইন ইসস্টিটিউশন নামে একটি প্রজেক্ট বাস্তবায়ন করছে। বিশেষত স্কুল স্যানিটেশনে এ প্রকল্পটি অন্তর্ভুক্ত ওয়াস সুবিধাগুলি শিক্ষক, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, অভিভাবক শিক্ষক এসোসিয়েশন এবং হ্যান্ড ওয়াশিং এর শিক্ষার্থী মাসিক হাইজিন ম্যানেজমেন্ট এর মত স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে সহায়তা প্রদান করছে। তাছাড়া প্রকল্পভুক্ত প্রতিটি বিদ্যালয়ে ওয়াশ ফান্ড জোগাড় করে পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ সিস্টেম স্থাপন করেছে।

প্রকল্পটি অদ্যাবধি ১২টি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদরাসাকে সহযোগিতা করছে যেখোনে ৪৯২২ জন ছাত্র ওয়াশ সুবিধাগুলি পেয়েছে এবং প্রায় ৩২১২ জন ছাত্রী তাদের বিদ্যালয়ে মাসিক স্বাস্থ্যকর ব্যবস্থাপনার প্রবেশাধিকার পেয়েছে। বলাবাহুল্য এ প্রকল্প শুরুর আগে শতকরা শূন্যভাগ ছিল মাসিক স্বাস্থ্যকর ব্যবস্থা, ৪৫ ভাগ হ্যান্ড ওয়াশিং সুবিধা এবং ৫৫ ভাগ ছিল নিরাপদ পানীয় জলের

ব্যবস্থা। ওয়াটার এইডের এই প্রকল্পে উপজেলা শিক্ষা বিভাগ ও স্থানীয় প্রশাসনের পরামর্শে নির্বাচিত কিছু বিদ্যালয়ে ওয়াশ সুবিধা দেয়া হয়েছে। উন্নত সুবিধাগুলিতে বালক ও মেয়েদের লিঙ্গ বিবেচনা করে মাসিক স্বাস্থ্য সুবিধা দেয়া হয়েছে। সাথে একটা র্যাম্প সহ একটি পথ, চলমান জলের সাথে হ্যান্ড ওয়াশিং সুবিধাসমূহ, নিরাপদ পানীয় জলের জন্য নলকূপ স্থাপন বা পুণঃনির্মাণ করে পানীয় জলের মান নিশ্চিত করার জন্য আনুপাত ভিত্তিক টয়লেট কক্ষ সুবিধা রয়েছে।

তাছাড়া অভিভাবক শিক্ষক প্রশিক্ষণও দেয়ার ব্যবস্থা করেছে। হ্যান্ড ওয়াশিং এবং ঋতুস্রাবের স্বাস্থ্য ব্যবস্থপনার বিষয়ে শ্রেণীকক্ষ সেশনের মাধ্যমে ওরিয়েন্টেশন মেয়ে শিক্ষার্থীদের দেয়া হয়েছে। স্কুলে যাতে সুবিধাগুলি চলমান থাকে সেজন্য প্রতিটি বিদ্যালয়কে গড়ে ৬০ হাজার টাকা এফডিআর করে দেয়া হয়েছে। এফডিআরের প্রাপ্ত মুনাফা থেকে ওয়াশ ব্লক পরিচালনা করা হবে।

”আমি আমার পিরিয়ডের কারণে স্কুলে প্রতিমাসে ৪ দিন অনুপস্থিত থাকতাম। অপ্রতুল স্কুল সুবিধার কারণে এবং আমারও বিদ্যালয়ের সময়ে সময়কাল পরিচালনর করার জন্য পরিষ্কার কোন ম্যাসেজ নেই। এটা আমার অপূর্ব সুযোগ যে আমরা মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা সহ এই জাতীয় পরিষ্কার স্বাস্থ্যকর টয়লেট সুবিধাগুলি ব্যবহার করতে পারি” কথাগুলি বলছিলেন গাংনী উপজেলার সাহারবাটি এবাদতখানা স্কুলের নবম শ্রেণীর শিক্ষার্থী রেহানা খাতুন। গাংনীর জেটিএস গার্লস স্কুলের শিক্ষিকা সেলিনা খাতুন বলছিলেন এখন একদিন মেয়েদের ও শিক্ষকদের মাসিকের স্বাস্থ্য নিয়ে প্রকাশ্য আলোচনা হয়। জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন বলেন জেলা শিক্ষা বিভাগ এই প্রকল্পের মাধ্যমে অন্তর্ভুক্ত স্কুল ওয়াশ সুবিধা গুলি পেয়ে খুশি এবং আমরা অন্যান্য উন্নয়ন তহবিল ব্যবহার করে জেলা জুড়ে পুরো মডেলটির প্রতিলিপি দেয়ার চেষ্টা করবো যাতে আমরা সারা জেলাটি কভার করতে পারি ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করা যায়।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের প্রতিবাদ সভা

সারা বাংলাদেশে জামাত,বিএনপি ও হেফাজত ইসলামের তান্ডবের বিরুদ্ধে প্রতিবাদ সভা করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

সোমবার বিকালে মুজিবনগর পিডাব্লিউডি চত্বরে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা আওয়ামীলীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে ও মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে প্রতিবাদ সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,

বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুজিবুর রহমান মধু,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম অপা,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু,উপজেলা শ্রমিকলীগের সভাপতি আবুল কালাম আজাদ,

ইউপি সদস্য ফেরদৌস আলী মেন্তা,উপজেলা ছাত্রলীগ সভাপতি হেলাল উদ্দীন,সাধারন সম্পাদক শেখ সাকিব প্রমুখ।
এ সময় বাংলাদেশ হেফাজত ইসলামের নৈরাজ্জের প্রতিবাদে বিশেষ আলোচনা করা হয়। এবং হেফাজত ইসলামী কোন ধরনের পোগ্রাম দিলে সেই পোগ্রামকে প্রতিহিত করার জন্য নেতাকর্মিদের সজাগ থেকে প্রতিবাদ করার জন্য আহব্বান জানানো হয়।

জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐতিহাসিক মুজিবনগর আওয়ামীলীগ যেকোন স্বাধীনতা বিরোধীদের অপচেষ্টা প্রতিহিত করার জন্য প্রস্তুত থাকবে।

এ সময় মুজিবনগর উপজেলার আওয়ামীলীগ,যুবলীগ,ছাত্রলীগ, স্বেচ্ছাসেবকলীগ, শ্রমীকলীগের বিভিন্ন নেতাকর্মিসহ ইউপি সদস্যগন উপস্থিত ছিলেন।